P-4945/17

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

पाँच हजार रुपये

Rs.5000

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

D 331355

Certified that the document is admitted to registration. The Signature sheet/sheets & the endorsement sheet/sheets attached with this document are the part of this document.

District Sub-Registrar-III
North 24-Parganas, Barasat

02 JUN 2017

I-0-715205/17

# শুভ দানপত্র দলিল

## দানপত্র গ্রহীতা ঃ

শ্রী নুপুর মাঝি (প্যান কার্ড নং - সি এ ডি পি এম ৬২০৮ এফ), স্বামী - শ্রী অমল মাঝি, সাং - ৩ নং চন্ডীগড়, মধ্যমগ্রাম, পোঃ - মধ্যমগ্রাম বাজার, থানা - মধ্যমগ্রাম, জেলা - উত্তর ২৪ পরগণা, কলকাতা - ৭০০১৩০, জাতীয়তায় - ভারতীয়, ধর্মে - হিন্দু, পেশা - গৃহস্থলী ।

## দানপত্র দাতা ঃ

শ্রী অমল মাঝি (প্যান কার্ড নং - এ ভি এন পি এম ৬৬৪৭ ডি), পিতা - শ্রী হরেকান্ত মাঝি, সাং - ৩ নং চন্ডীগড়, মধ্যমগ্রাম, পোঃ - মধ্যমগ্রাম বাজার, থানা - মধ্যমগ্রাম, জেলা - উত্তর ২৪ পরগণা, কলকাতা - ৭০০১৩০, জাতীয়তায় - ভারতীয়, ধর্মে - হিন্দু, পেশা - ব্যবসা ।

**কস্য শুভ দানপত্র মিদং কার্যাংঞ্চাগে**

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - সাবেক বারাসাত হাল মধ্যমগ্রাম ও এ.ডি.এস.আর. অফিস বারাসাত, পরগণা আনোয়ারপুরের অধীন জে.এল. নং - ২৬, রে.সা. নং - ১৬৪, তৌজি নং - ১৪৬, মৌজা - চক্রঘাটা গ্রামের আর.এস. ২০ নং খতিয়ান ভুক্ত ৭৪২/৯০৯ নং দাগে ৩ কাঠা ১৪ ছটাক ৪১ বর্গফুট বা ৬ ১/২ শতক জমি বিগত ইংরাজী ২২/০৫/২০০৯ তারিখে শ্রী সুনীল ভট্টাচার্য্য দীং-দের নিকট হইতে বারাসাত এ.ডি.এস.আর অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৯ নং ভল্যুমের ৪০৪২ হইতে ৪০৬৫ নং পাতায় লিপিবদ্ধ ০৫৫০৮ নং সাফ কোবালা দলিল মুলে আমি (অত্র দানপত্র দলিলের দাতা) খরিদ করি এবং স্থানীয় বি.এল. এন্ড এল.আর. অফিসে এল.আর. জরীপে এল.আর. ৩২২৮ নং খতিয়ানে (যাহা অমল মাঝি নামে লিপিবদ্ধ) এবং আর.এস. ৭৪২/৯০৯ নং দাগের পরিবর্তে এল.আর. ৪৩৫১ নং দাগে নিজ নাম পত্তন করি ও স্থানীয় মধ্যমগ্রাম পৌরসভায় হাল ২৩ নং ওয়ার্ডের (দক্ষিন বীরেশ পল্লী) রোডস্থিত ১৫৯/ নং হোল্ডিং-এ আমার নিজ নাম লিপিবদ্ধ করাইয়া সন সন পৌরকরাদি ও খাজনাদি প্রদান পূর্বক উক্ত সম্পত্তিতে আমি মালিক ও ভোগদখলে বিদ্যমান আছি । যাহাতে আমার দান, বিক্রয়, যে কোন প্রকারের হস্তান্তর, রুপান্তরকরনের সর্ববিধ ক্ষমতা বিদ্যমান আছে ।

এক্ষনে তুমি অত্র দান পত্রের গ্রহীতা আমার সহধর্মিনী স্ত্রী হইতেছো । তুমি আমাকে যথেষ্ট পরিমানে ভক্তি-শ্রদ্ধা ও ভালোবাসা দিতেছো এবং ভবিষ্যতেও দিবে আমি সুনিশ্চিত । তোমার ভক্তি-শ্রদ্ধা ও ভালোবাসার নিদর্শন স্বরূপ এবং তোমার প্রতি আমার ভালোবাসার নিদর্শনের জন্যে আমার খরিদা সুত্রে প্রাপ্ত আর.এস. ২০ নং খতিয়ান ভুক্ত আর.এস. ৭৪২/৯০৯ নং দাগে ৩ কাঠা ১৪ ছটাক ৪১ বর্গফুট জমি ও তদুপরিস্থিত টালির ছাউনি যুক্ত গৃহাদির মধ্যে রাস্তায় কিছু অংশ যাওয়া বাদে বর্তমান সরজমিন মাপ সুরতে স্কীমের ১ নং প্লটে ৩ কাঠা ১৩ ছটাক ০ বর্গফুট বা ৬.২৯ শতক জমি ও তদুপরিস্থিত ১০০ বর্গফুট পরিমিত টালির ছাউনি যুক্ত গৃহাদি মায় চলাচলের রাস্তার ইজমেন্ট রাইট স্বত্বাদি সহ সম্পত্তি তোমাকে দান করিতে চাহিলে এবং তুমি অত্র দান সানন্দে গ্রহন করিতে সম্মত হইলে আমি উক্ত নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি যাহার নির্ধারিত সরকারী মূল্য ৪৮,৩৩,৭৪৮.০০ (আটচল্লিশ লক্ষ তেত্রিশ হাজার সাত শত আটচল্লিশ) টাকা উহা তোমার অনুকুলে দান করিয়া আমি চিরতরে চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম । অত্র দানপত্র দলিল দ্বারা তোমার অনুকুলে লিখিয়া দিয়া স্বীকার, অঙ্গীকার ও প্রকাশ করিতেছি যে, উপরি উল্লেখিত ও নিম্নোক্ত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামীত্ব, দখল, লভ্য, অধিকারাদি ছিল তাহা অদ্য হইতে চিরতরে রদ ও রহিত হইয়া সম্পূর্ণরূপে তোমার অনুকুলে বর্তিল ।

আরও উল্লেখ থাকে, তুমি অদ্য হইতে উক্ত সম্পত্তিতে দানসূত্রে দখলিকার মতে ধার্য্য খাজনাদি তপশীলোক্ত ভূস্বামী সরকারে সন সন আদায় দিয়া আবশ্যক মতে সরকারী সেরেস্তায়, বি.এল.এন্ড এল.আর.ও. ও স্থানীয় মধ্যমগ্রাম পৌরসভায় আমার নামের স্থলে তোমার নিজ নাম পত্তন এবং দখল, অধিকার, দান, বিক্রয়াদি সর্বপ্রকার রূপান্তর ও হস্তান্তরকরণের মালিক ও ক্ষমতাযুক্তে ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে যদৃচ্ছা ভোগদখল করিতে থাকো । তাহাতে আমি মায় আমার ওয়ারেশানগন ভবিষ্যতে কেহ কোন ওজর আপত্তি করিতে পারিব না, বা পারিবে না, করিলেও তাহা সর্বত্র সর্বাদালতে সর্বোত ভাবে বাতিল, অগ্রাহ্য ও নামাঞ্জুর বলিয়া গন্য হইবে ।

প্রকাশ থাকে যে, দানকৃত সম্পত্তি সম্পূর্ন নির্দোষ, নির্দায় ও মুক্তবস্থায় অত্র দানপত্র দলিল সঙ্গীয় নকশা মোতাবেক তোমাকে নিঃশর্তে দান করিয়া দিলাম । অত্র দান পত্র দলিলের দানকৃত সম্পত্তির ষোল আনা খাস দখল তোমাকে বুঝাইয়া দিলাম ।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলে বয়ানে বা ইহার তপশীল পরিচয়ে ভবিষ্যতে কোন ভুল ভ্রান্তি প্রকাশ পায় তজ্জন্য এই দান কার্য্য কোন ভাবে রদ রহিত ও বাতিল বলিয়া গণ্য হইবে না । উপরন্তু ঐ সকল ভুল ভ্রান্তির ফলে আবশ্যকীয় শুদ্ধলিপি বা পরিচয় ইস্পিত বা লিখিত থাকা বলিয়া গণ্য হইবে এবং অত্র দানপত্র দলিলই চিরকাল সর্বত্র ও সর্ব্বাবস্থায় বহাল ও বলবৎ হইবে ও থাকিবে । তথাপি যদি ভবিষ্যতে কোন ভুল ত্রুটি প্রকাশ পায় তদাবস্থায় তোমার নিকট হইতে আর কোন দাবী -দাওয়া না করিয়া আমি ভারতীয় স্ট্যাম্প এ্যাক্টের ৪ ধারা মোতাবেক পুনরায় ঘোষনা পত্র দলিল দ্বারা আমি মায় ওয়ারিশানগন ক্রমে তাহা সংশোধন করিয়া দিতে বাধ্য থাকিব বা থাকিবে ।

এতদার্থে সুস্থ চিত্তে, সজ্ঞানে, সরল মনে, অন্যের বিনানুরোধে, আমি অত্র দানপত্র দলিল খানি লেখাইয়া এবং উক্ত দলিলের সকল মর্ম সম্যক অবগত হইয়া স্বেচ্ছায় নিম্নে সাক্ষরকারী সাক্ষীগণের সম্মুখে আমার নিজ নাম সহি সম্পাদন করিলাম । ইতি সন বাংলা ১৪২৪ সালের ১৮ই জ্যৈষ্ঠ, ইংরাজী ২০১৭ সালের ২রা জুন ~~মে~~।

# দানকৃত সম্পত্তির তপশীল পরিচয়

জেলা - উত্তর ২৪ পরগনা, থানা মধ্যমগ্রাম ও এ.ডি.এস.আর. অফিস বারাসাতের অন্তর্গত পরগণা আনোয়ারপুরের মধ্যে জে.এল. নং - ২৬, রে.সা. নং - ১৬৪, তৌজি নং - ১৪৬, মৌজা - চক্রঘাটা গ্রামের অন্তর্গত আর.এস. ২০ নং খতিয়ান ভুক্ত আর.এস. ৭৪২/৯০৯ নং দাগে ৩ কাঠা ১৪ ছটাক ৪১ বর্গফুট জমি ও তদুপরিস্থিত টালির ছাউনি যুক্ত গৃহাদির মধ্যে রাস্তায় কিছু অংশ যাওয়া বাদে বর্তমান সরজমিন মাপ সুরতে স্কীমের ১ নং প্লটে হাল বাস্তু ৩ কাঠা ১৩ ছটাক ০ বর্গফুট বা ৬.২৯ শতক জমি ও তদুপরিস্থিত ১০০ বর্গফুট পরিমিত টালির ছাউনি যুক্ত গৃহাদি হাল মালেক মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেক্টার বাহাদুর অধিকারে রায়ত দখলি স্বত্বের বার্ষিক খাজনা ল্যান্ড হোল্ডিং রেভিনিউ আইন মোতাবেক ধার্য্য হইবে ।

আর.এস. ২০ নং খতিয়ান ভুক্ত আর.এস. ৭৪২/৯০৯ নং দাগে হাল বাস্তু স্কীমের ১ নং প্লটে ৩ কাঠা ১৩ ছটাক ০ বর্গফুট বা ৬.২৯ শতক জমি ও তদুপরিস্থিত ১০০ বর্গফুট পরিমিত টালির ছাউনি যুক্ত গৃহাদি মায় চলাচলের রাস্তা ও যাবতীয় ইজমেন্ট রাইট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র দানপত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে । অত্র দানপত্র দলিলের সহিত দিয়ত নক্সা এবং ছবি সহ দশ আঙুলের টিপ ছাপ অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে । উক্ত সম্পত্তি স্থানীয় মধ্যমগ্রাম পৌরসভার হাল ২৩ নং ওয়ার্ডের (দক্ষিন বীরেশ পল্লী রোডস্থিত) ১৫৯/ নং হোল্ডিং ভুক্ত ভুসম্পত্তি হইতেছে ।

# দানকৃত সম্পত্তির চৌহদ্দি

উত্তরে ঃ ২০ ফুট প্রশস্ত মিউনিসিপ্যাল রাস্তা । দক্ষিণে ঃ স্কীমের প্লট নং ১/বি এবং অন্যের জমি ।

পুর্বে ঃ স্কীমের প্লট নং ২ । পশ্চিমে ঃ ১০ ফুট প্রশস্ত মিউনিসিপ্যাল রাস্তা ।

অত্র দানপত্র আমি সানন্দে গ্রহন করিলাম

Nupur Majhi

দানপত্র গ্রহীতার সাক্ষর

দানপত্র দলিল প্রস্তুতকারক ঃ

AMukhopadhyay

শ্রী আশীষ কুমার মুখাপাধ্যায়,
এ্যাড্‌ভাকট, WB - 897/95
জাজেস্‌ কোর্ট বারাসাত,

ইসাদি

১) [illegible] পাল
[illegible]
[illegible] - ৭০০

২) [illegible]
[illegible]
[illegible] - ৭০০

অনুলিখন ঃ
S. Debdas
শুভ্রাংশু দেবদাস

# Major Information of the Deed

| | | | |
|---|---|---|---|
| Deed No : | I-1525-04945/2017 | Date of Registration | 02/06/2017 |
| Query No / Year | 1525-0000715205/2017 | Office where deed is registered | |
| Query Date | 23/05/2017 1:05:44 PM | D.S.R. - III NORTH 24-PARGANAS, District: North 24-Parganas | |
| Applicant Name, Address & Other Details | Nupur Majhi<br>3 No. Chandigarh,Thana : Madhyamgram, District : North 24-Parganas, WEST BENGAL, Mobile No. : 9874147234, Status :Buyer/Claimant | | |
| Transaction | | Additional Transaction | |
| [0201] Gift, Gift in Favour of family members | | [4305] Other than Immovable Property, Declaration [No of Declaration : 2] | |
| Set Forth value | | Market Value | |
| Rs. 10,00,000/- | | Rs. 48,33,748/- | |
| Stampduty Paid(SD) | | Registration Fee Paid | |
| Rs. 24,189/- (Article:33(i)) | | Rs. 48,383/- (Article:A(1), E, M(b), H) | |
| Remarks | Received Rs. 50/- ( FIFTY only ) from the applicant for issuing the assement slip.(Urban area) | | |

**Land Details :**

District: North 24-Parganas, P.S:- Barasât, Municipality: MADHYAMGRAM, Road: Bireshpally Road, Mouza: Chakra Ghata

| Sch No | Plot Number | Khatian Number | Land Proposed | Use ROR | Area of Land | SetForth Value (In Rs.) | Market Value (In Rs.) | Other Details |
|---|---|---|---|---|---|---|---|---|
| L1 | RS-742/909 | RS-20 | Bastu | Bastu | 3 Katha 13 Chatak | 9,80,000/- | 48,03,748/- | Width of Approach Road: 20 Ft., Adjacent to Metal Road, |
| | Grand Total : | | | | 6.2906Dec | 9,80,000 /- | 48,03,748 /- | |

**Structure Details :**

| Sch No | Structure Details | Area of Structure | Setforth Value (In Rs.) | Market value (In Rs.) | Other Details |
|---|---|---|---|---|---|
| S1 | On Land L1 | 100 Sq Ft. | 20,000/- | 30,000/- | Structure Type: Structure |
| | Gr. Floor, Area of floor : 100 Sq Ft.,Residential Use, Cemented Floor, Age of Structure: 0Year, Roof Type: Tiles Shed, Extent of Completion: Complete | | | | |
| | Total : | 100 sq ft | 20,000 /- | 30,000 /- | |

**Donor Details :**

| Sl No | Name,Address,Photo,Finger print and Signature | | | |
|---|---|---|---|---|
| | Name | Photo | Fringerprint | Signature |
| 1 | **Amal Majhi (Presentant )**<br>Son of Harekanta Majhi<br>Executed by: Self, Date of Execution: 02/06/2017<br>, Admitted by: Self, Date of Admission: 02/06/2017 ,Place : Office | <br>02/06/2017 | <br>LTI<br>02/06/2017 | <br>02/06/2017 |

. Chandigarh, P.O:- Madhyamgram Bazar, P.S:- Madhyamgram, District:-North 24-Parganas, ...st Bengal, India, PIN - 700130 Sex: Male, By Caste: Hindu, Occupation: Business, Citizen of: ...ndia, PAN No.:: AVNPM6647D, Status :Individual

**Donee Details :**

| Sl No | Name,Address,Photo,Finger print and Signature | | | |
|---|---|---|---|---|
| 1 | Name | Photo | Finger Print | Signature |
| | **Nupur Majhi**<br>Wife of Amal Majhi<br>Executed by: Self, Date of Execution: 02/06/2017<br>, Admitted by: Self, Date of Admission: 02/06/2017 ,Place : Office |  |  | Nupur Majhi |
| | | 02/06/2017 | LTI<br>02/06/2017 | 02/06/2017 |
| | Wife of Amal Majhi Sex: Female, By Caste: Hindu, Occupation: House wife, Citizen of: India, PAN No.:: CABPM6208F, Status :Individual | | | |

**Identifier Details :**

| Name & address | |
|---|---|
| Tarak Paul<br>Son of Late Upendra Nath Paul<br>Deshbandhu Road, P.O:- Madhyamgram Bazar, P.S:- Madhyamgram, District:-North 24-Parganas, West Bengal, India, PIN - 700130, Sex: Male, By Caste: Hindu, Occupation: Business, Citizen of: India, , Identifier Of Amal Majhi, Nupur Majhi | |
| তারক পাল | 02/06/2017 |

## Transfer of Land from Donor To Donee

| Sch No. | Donor Name | Donee Name | Relationship of Donor and Donee (Within Family ?) | Transferred Area | Share in [illegible] |
|---|---|---|---|---|---|
| L1 | Amal Majhi | Nupur Majhi | Y | 6.29063 Dec . | 48,03,740/- |

## Transfer of Structure from Donor To Donee

| Sch No. | Donor Name | Donee Name | Relationship of Donor and Donee (Within Family ?) | Transferred Area | Share in Market Value (In Rs.) |
|---|---|---|---|---|---|
| S1 | Amal Majhi | Nupur Majhi | Y | 100 Sq Ft | 30,000/- |

**Endorsement For Deed Number : I - 152504945 / 2017**

**On 24-05-2017**

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs 48,33,748/-. Family Members amount Rs 48,33,748/-

UKBasu

**Utpal Kumar Basu**
**DISTRICT SUB-REGISTRAR**
**OFFICE OF THE D.S.R. - III NORTH 24-PARGANAS**
**North 24-Parganas, West Bengal**

**On 02-06-2017**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33 (i) of Indian Stamp Act 1899.

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 11:18 hrs on 02-06-2017, at the Office of the D.S.R. - III NORTH 24-PARGANAS by Amal Majhi ,Executant.

**Admission of Execution ( Under Section 58, W.B. Registration Rules, 1962 )**

Execution is admitted on 02/06/2017 by 1. Amal Majhi, Son of Harekanta Majhi, 3 No. Chandigarh, P.O: Madhyamgram Bazar, Thana: Madhyamgram, , North 24-Parganas, WEST BENGAL, India, PIN - 700130, by caste Hindu, by Profession Business, 2. Nupur Majhi, Wife of Amal Majhi, 3 No. Chandigarh, P.O: Madhyamgram Bazar, Thana: Madhyamgram, , North 24-Parganas, WEST BENGAL, India, PIN - 700130, by caste Hindu, by Profession House wife

Indetified by Tarak Paul, , , Son of Late Upendra Nath Paul, Deshbandhu Road, P.O: Madhyamgram Bazar, Thana: Madhyamgram, , North 24-Parganas, WEST BENGAL, India, PIN - 700130, by caste Hindu, by profession Business

**Payment of Fees**

Certified that required Registration Fees payable for this document is Rs 48,383/- ( A(1) = Rs 48,337/- ,E = Rs 14/- ,H = Rs 28/- ,M(b) = Rs 4/- ) and Registration Fees paid by Cash Rs 0/-, by online = Rs 48,383/-
Description of Online Payment using Government Receipt Portal System (GRIPS), Finance Department, Govt. of WB Online on 26/05/2017 12:16PM with Govt. Ref. No: 192017180014708981 on 26-05-2017, Amount Rs: 48,383/-, Bank: Corporation Bank ( CORP0000052), Ref. No. RS26052017983850 on 26-05-2017, Head of Account 0030-03-104-001-16

**Payment of Stamp Duty**

Certified that required Stamp Duty payable for this document is Rs. 24,189/- and Stamp Duty paid by Stamp Rs 5,000/-, by online = Rs 19,189/-
Description of Stamp
1. Stamp: Type: Court Fees, Amount: Rs.10/-
2. Stamp: Type: Impressed, Serial no 6463, Amount: Rs.5,000/-, Date of Purchase: 25/05/2017, Vendor name: T K SAHA
Description of Online Payment using Government Receipt Portal System (GRIPS), Finance Department, Govt. of WB Online on 26/05/2017 12:16PM with Govt. Ref. No: 192017180014708981 on 26-05-2017, Amount Rs: 19,189/-, Bank: Corporation Bank ( CORP0000052), Ref. No. RS26052017983850 on 26-05-2017, Head of Account 0030-02-103-003-02

UKBasu

**Utpal Kumar Basu**
**DISTRICT SUB-REGISTRAR**
**OFFICE OF THE D.S.R. - III NORTH 24-PARGANAS**
**North 24-Parganas, West Bengal**

**...e of Registration under section 60 and Rule 69.**
**...ered in Book - I**
**...ume number 1525-2017, Page from 99065 to 99080**
**...being No 152504945 for the year 2017.**

Seal of the District Sub Registrar-III, North 24 Parganas, District North 24 Parganas ★
জেলা সহ নিবন্ধক-৩, উত্তর ২৪ পরগনা জেলা উত্তর ২৪ পরগনা

UKBasu

Digitally signed by UTPAL KUMAR BASU
Date: 2017.06.06 16:37:53 +05:30
Reason: Digital Signing of Deed.

**(Utpal Kumar Basu) 06-Jun-17 4:37:52 PM**
**DISTRICT SUB-REGISTRAR**
**OFFICE OF THE D.S.R. - III NORTH 24-PARGANAS**
**West Bengal.**

**(This document is digitally signed.)**